

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء

আয়াতঃ ২৬ : ১২৪

আরবি মূল আয়াত:

إِذْ قَالَ لَهُم أَخُوهُم هُودٌ أَلَا تَتَّقُونَ ﴿١٢٢﴾

🗚 অনুবাদসমূহ:

যখন তাদের ভাই হূদ তাদেরকে বলেছিল, 'তোমরা কি তাকওয়া অবলম্বন করবে না'? — আল-বায়ান যখন তাদের ভাই হূদ তাদেরকে বলল- 'তোমরা কি (আল্লাহকে) ভয় করবে না? — তাইসিরুল যখন তাদের ভাই হূদ তাদেরকে বললঃ তোমরা কি সাবধান হবেনা? — মুজিবুর রহমান

When their brother Hud said to them, "Will you not fear Allah? — Sahih International

১২৪. যখন তাদের ভাই হূদ তাদেরকে বললেন, তোমরা কি তাকওয়া অবলম্বন করবে না?

তাফসীরে জাকারিয়া

(১২৪) যখন ওদের ভাই হূদ[1] ওদেরকে বলল, 'তোমরা কি সাবধান হবে না?

[1] হূদ (আঃ)-কেও আ'দ জাতির ভাই বলা হয়েছে। কারণ, প্রত্যেক নবী সেই জাতির একজন সদস্য হয়ে থাকেন, যাদের নিকট তাঁকে নবী হিসাবে পাঠানো হয়। আর সেই কারণেই তাঁকে তাদের ভাই বলে অভিহিত করা হয়েছে। যেমন পরে আসবে; পরন্ত নবী ও রসূলদের মানুষ হওয়াটাই তাঁদের জাতির ঈমান আনার পথে বাধা হয়ে দাঁড়িয়েছে। তাদের ধারণা মতে নবী মানুষ নয় বরং মানুষের উধের্ব অন্য কিছু হওয়া দরকার। আজও এই স্বস্বীকৃত সত্য সম্বন্ধে অজ্ঞ লোকেরা ইসলামের নবী মুহাম্মাদ (সাঃ)-কেও মানুষের উধের্ব অন্য কিছু বুঝানোর অপচেষ্টায় ব্যস্ত। যদিও তিনি কুরাইশ বংশের একজন ছিলেন, যাদের নিকট তাঁকে প্রথম নবী করে পাঠানো হয়েছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3056

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন